REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৬শে ভাদ্র বুধবার ১৩৪৭ ইংরাজী 11th September 1940 | ১৮শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷৹ টাকা। নগদ মূল্য ৩০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুগং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | |
|---|---|---|
| চলতি বীমা | ... | ১৬ কোটি ৩৪ লক্ষের উপর |
| বীমা তহবিল | ... | ২ ,, ৯৬ লক্ষের ,, |
| মোট সংস্থান | ... | ৩ ,, ৩৬ ,, ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... ১৪ ,, ,, |
| দাবী শোধ | ... | ১ কোটি ৮৫ ,, ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস্‌, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সন্ধি, কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা প্রভৃতি সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্‌ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্‌।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারান্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরাবগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৬শে ভাদ্র বুধবার সন ১৩৪৭ সাল

## চেয়ারম্যান ইলেকসন

বিগত ৩রা নভেম্বর (১৯৩৯) মিঃ হাউসতুল্লা সেথ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছিলেন। উক্ত নির্ব্বাচন গভর্ণমেণ্ট মঞ্জুর করেন নাই। সেজন্য আগামী ২১শে সেপ্‌টেম্বর শনিবার পুনরায় জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান নির্ব্বাচন হইবে।

---

## মহকুমা ম্যাজিষ্ট্রেটের বিদায় অভিনন্দন

গত ৯ই সেপ্‌টেম্বর সোমবার বৈকাল ৫ ঘটিকার সময় বাড়ালা রামদাস সেন হাইস্কুলে জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল, এম-এ, বি-এল মহোদয়ের বিদায় অভিনন্দন সভা অনুষ্ঠিত হইয়াছিল। মুর্শিদাবাদ জেলা-বোর্ডের অন্যতম ভাইস চেয়ারম্যান ও অনারারী ম্যাজিষ্ট্রেট কাঞ্চনতলার জমিদার শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ রায় মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। সভায় জঙ্গিপুরের অনেক বিশিষ্ট হিন্দু ও মুসলমান ভদ্রমহোদয়গণ এবং বাড়ালা ও পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের গণ্যমান্য অধিবাসিবৃন্দ, স্কুলের শিক্ষক ও ছাত্রগণ উপস্থিত ছিলেন। সভাস্থলে স্কুলের সেক্রেটারী মহোদয় কর্ত্তৃক অভিনন্দন-পত্র, ছাত্রগণের প্রদত্ত একটী কবিতা পাঠ করার পর সমাগত জনগণের মধ্যে স্কুলের হেড মাষ্টার, রেক্টর, শ্রীযুক্ত রামতারণ মুখোপাধ্যায় বি-এল, বেদান্ত-তীর্থ, জঙ্গিপুরের লব্ধপ্রতিষ্ঠ উকিল শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী মহাশয়, মৌলবী আমজাদ আলি সাহেব বি-এল, মৌলবী আবুল হোসেন সাহেব বি-এল, জঙ্গিপুর স্কুলের শিক্ষক শ্রীযুক্ত প্রসন্নকুমার মুখোপাধ্যায় বি-এ, বি-টি, এবং বাড়ালা নিবাসী শ্রীযুক্ত ফণিভূষণ ভট্টাচার্য্য মহাশয় প্রত্যেকে সুধীন্দ্র বাবুর নানাবিধ জনহিতকর কার্য্য ও তাঁহার সদ্‌গুণাবলীর আলোচনা করিয়া বক্তৃতা করেন। সুধীন্দ্র বাবু তাঁহার স্বভাবসুলভ বিনয় এবং নম্রতার সহিত অভিনন্দনের প্রত্যুত্তর এবং ছাত্রবৃন্দকে সদুপদেশ দেওয়ার পর সভার কার্য্য সমাপ্ত হয়। উপস্থিত ভদ্রমণ্ডলী ও ছাত্রবৃন্দের জলযোগের ব্যবস্থা ছিল।

---

## কান্দী রাজ হাই স্কুল

কান্দী রাজ হাইস্কুলের ছাত্র শ্রীমান্ নবকিশোর হাজরা ম্যাট্রিকুলেশন পরীক্ষায় কৃতিত্বের জন্য মাসিক ১০৲ টাকা হিসাবে গভর্ণমেণ্ট বৃত্তি লাভ করিয়াছে। আমরা তাহার ভবিষ্যৎ ছাত্র জীবনের উন্নতি কামনা করিতেছি।

---

## লালগোলা এম, এন্, একাডেমী

লালগোলা এম, এন, একাডেমীর ছাত্র শ্রীমান্ অজিতকুমার মুখোপাধ্যায় গত ম্যাট্রিকুলেশন পরীক্ষায় মুর্শিদাবাদ জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করিয়া মাসিক ১০৲ টাকা হিসাবে গভর্ণমেণ্ট বৃত্তি পাইবার অধিকারী হইয়াছে। শ্রীমান্ অজিতকুমার জঙ্গিপুর বারের উকীল স্বর্গীয় ফণিভূষণ মুখোপাধ্যায় মহাশয়ের পুত্র।

---

## লালগোলা এম, এন, একাডেমীর এগ্রিকালচারাল ফার্ম্ম

বাঙ্গলা সরকারের অনুষ্ঠিত গত কৃষিশিল্প প্রদর্শনীতে লালগোলা এম, এন্ একাডেমীর স্কুল ফার্ম্ম হইতে নানাবিধ কৃষিজাত দ্রব্য প্রদর্শন জন্য প্রেরিত হইয়াছিল। উক্ত স্কুলের কৃষি ফার্ম্মের সাফল্যের নিদর্শনস্বরূপ কৃষি ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় ও কৃষি বিভাগের ডিরেক্টার সাহেব বাহাদুর কর্ত্তৃক স্বাক্ষরিত একখানি প্রশংসাপত্র প্রদত্ত হইয়াছে। এই বেকার সমস্যার যুগে ছাত্রদিগকে হাতে-কলমে কৃষি বিদ্যা শিক্ষা দেওয়া তাহাদের উদরান্ন সংস্থানের একটী প্রকৃষ্ট উপায়। স্কুলের কৃষি বিভাগের শিক্ষক শ্রীযুক্ত ষোড়শীমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় ছাত্রগণকে শিক্ষা দিবার জন্য যথেষ্ট পরিশ্রম করিয়া থাকেন।

---

## সঙ্গীতে একাদশ বর্ষীয় বালক

মুর্শিদাবাদের মাননীয় নবাব বাহাদুরের অনুষ্ঠিত সঙ্গীত প্রতিযোগিতায় লালগোলা এম, এন, একাডেমীর প্রধান শিক্ষক শ্রীযুক্ত গিরিশচন্দ্র দাশগুপ্ত, এম-এ, বি-টি মহাশয়ের একাদশ বর্ষীয় পুত্র শ্রীমান্ অরুণকুমার দাশগুপ্ত প্রথম স্থান অধিকার করিয়া একটী রৌপ্যপদক প্রাপ্ত হইয়াছে। আমরা আশা করি এই অল্প বয়স্ক বালক কালে একজন কৃতী সঙ্গীতজ্ঞ হইয়া নিজের এবং জনসাধারণের আনন্দ বর্দ্ধন করিবে।

---

## বহরমপুরে বাঙ্গলার গভর্ণর বাহাদুর

গত ২রা সেপ্‌টেম্বর সোমবার বেলা ২টার সময় বাঙ্গলার মহামান্য গভর্ণর বাহাদুর স্পেশ্যাল ট্রেণযোগে বহরমপুর শুভাগমন করিয়াছিলেন, এবং ঐ দিনই সন্ধ্যার সময় রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। বেলা প্রায় ৪৷০ টার সময় কালেক্টারীর দ্বিতলে যুদ্ধ কমিটির সভায় গভর্ণর বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। যুদ্ধ কমিটির পক্ষ হইতে বহরমপুর মিউনিসিপ্যালিটির ভাইস চেয়ারম্যান মৌলবী আবদুল গণি কার্য্যবিবরণী পাঠ করেন। তাঁহার রিপোর্টে জানা যায় যে, প্রায় দশ হাজার টাকা এ পর্য্যন্ত চাঁদা সংগৃহীত হইয়াছে। উল্লেখযোগ্য দানের মধ্যে শ্রীযুক্ত রাজা কমলারঞ্জন রায়ের দান শীর্ষস্থান অধিকার করিয়াছে, জেলা কমিটিতে তিনি ১০০০৲ দিলেও কেন্দ্রীয় যুদ্ধ কমিটিতে ৮৫০০০৲ টাকা দান করিয়াছেন। মুর্শিদাবাদের নবাব বাহাদুরের এবং লালগোলার শ্রীযুক্ত কুমার ধীরেন্দ্রনারায়ণ রায় মহাশয়ের দানও উল্লেখযোগ্য। মহকুমা হাকিমগণও তাঁহাদের স্ব স্ব এলাকায় যথাসাধ্য চেষ্টা করিতেছেন।

সিভিক গার্ড গঠন আরম্ভ হইয়া গিয়াছে। এইরূপ যুদ্ধ কমিটির সকল বিভাগের কার্য্যই বেশ শৃঙ্খলার সহিত ধীরভাবে অগ্রসর হইতেছে। মাননীয় লাট সাহেব বাহাদুরও উক্ত কমিটির প্রশংসা করেন এবং কমিটির বর্ত্তমান যুদ্ধ সম্বন্ধে কর্ত্তব্য কি তৎসম্পর্কে একটী হৃদয়গ্রাহী বক্তৃতা প্রদান করেন। তাঁহার বক্তৃতা শেষ হইলে নশীপুরের রাজা বাহাদুর গভর্ণর বাহাদুরকে ধন্যবাদ প্রদান করেন।

তৎপরে সভার কার্য্য শেষ হয় এবং গভর্ণর বাহাদুর সারকিট হাউসে প্রত্যাবর্ত্তন করিয়া স্থানীয় সিভিক গার্ড পরিদর্শন করেন। এই প্রসঙ্গে আমরা সুযোগ্য ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুর, স্থানীয় এস, ডি, ও, বাহাদুর, পুলিশ সাহেব বাহাদুর এবং আমলাবর্গের সুব্যবস্থার ভূয়সী প্রশংসা করিতেছি।

---

## স্যানিটারী ইন্সপেক্টরদের ভবিষ্যৎ

### আশঙ্কার কোনও কারণ নাই

পল্লী অঞ্চলে স্বাস্থ্য-সম্পর্কিত কার্য্যের জন্য যে সব সরকারী কর্ম্মচারী রহিয়াছে, এই বিভাগের কতকটা পুনর্গঠন সম্পর্কে যে ব্যবস্থা সম্প্রতি করা হইয়াছে, তৎসম্পর্কে কোন কোন পত্রিকায় সমালোচনা করা হইয়াছে। এই পরিকল্পনা এক্ষণে সরকারের বিবেচনাধীন রহিয়াছে এবং এখনও কোন রকম চরম সিদ্ধান্ত করা হয় নাই। কোন কোন পত্রিকায় সমালোচনা প্রসঙ্গে বলা হইয়াছে যে, বহুসংখ্যক স্যানিটারী ইন্সপেক্টরের চাকুরী যাইবে। প্রকৃতপক্ষে ব্যাপার এরূপ নহে। জনস্বাস্থ্য বিভাগের ডিরেক্টর কর্ত্তৃক প্রণীত এই পরিকল্পনা সম্পর্কে জেলা-বোর্ডের চেয়ারম্যানগণের সহিত পরামর্শ করিয়া এক্ষণে পরীক্ষাকার্য্য চলিতেছে এবং পরিকল্পনা সম্পর্কে চরমভাবে বিবেচনা এখনও বাকী রহিয়াছে। প্রয়োজনাতিরিক্ত স্যানিটারী ইন্সপেক্টরদের অসুবিধার বিষয় গভর্ণমেণ্ট অবশ্যই বিবেচনা করিবেন এবং পরিকল্পনার মধ্যেই এই সব কর্ম্মচারীর কার্য্যের ব্যবস্থা যাহাতে হইতে পারে, তজ্জন্য যথাসাধ্য চেষ্টা করা হইবে। (প্রেস-নোট)

## লালবাগ মহকুমায় পল্লীসংস্কার

এই মহকুমায় পল্লী-সংস্কারের কাজ বেশ জোরে চলিয়াছে। জন সাধারণের মধ্যে নিরক্ষরতা দূর করিবার জন্য প্রত্যেক ইউনিয়নে নৈশ-বিদ্যালয় খোলা হইয়াছে। কয়েকটী গ্রাম্য পাঠাগার প্রতিষ্ঠা করায় এই বিষয়ের বিশেষ সহায়তা হইতেছে। নবগ্রাম থানায় দুইটী ইউনিয়নে দাতব্য চিকিৎসালয় ছিল; আর একটী চিকিৎসালয় সম্প্রতি বগিরাপাড়ায় স্থাপিত হইয়াছে। শিবপুর ইউনিয়ন দাতব্য চিকিৎসালয়ের প্রচেষ্টায় উহার ভারপ্রাপ্ত ডাক্তার দশ জন দেশীয় ধাত্রীকে ট্রেণিং দিয়াছেন। এই ট্রেণিং প্রাপ্ত ধাত্রীদিগকে সার্টিফিকেট দেওয়া হইয়াছে এবং ইউনিয়ন বোর্ড ধাত্রী কাজের উপযোগী প্রয়োজনীয় যন্ত্রাদি দিয়াছে এবং তাহারা পল্লী অঞ্চলে বেশ কল্যাণকর কার্য্য করিতেছে। গভর্ণমেণ্ট ও জেলাবোর্ডের প্রদত্ত টাকা ও ইউনিয়ন বোর্ডের সাহায্য দ্বারা অনেকগুলি নলকূপ ও ইন্দারা খনন করা হইয়াছে। সমগ্র মহকুমায় পানীয় জল সরবরাহের ব্যাপক পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে।

গভর্ণমেণ্ট, জেলা বোর্ড ও ইউনিয়ন বোর্ডের প্রদত্ত টাকায় এবং স্বেচ্ছামূলক পরিশ্রম দ্বারা অনেকগুলি গ্রাম্য রাস্তার উন্নতি সাধন করা হইয়াছে। রাণীনগর থানার পাহাড়পুর ইউনিয়নে প্রায় এক মাইল লম্বা একটী খাল খনন করা হইয়াছে। ইহা দ্বারা দশ হাজার বিঘা নীচু জমির, যেখানে জল জমিয়া থাকিত, জল নিকাশের ব্যবস্থা হইয়াছে। বগিরাপাড়া গ্রামের অধিবাসীগণ স্বেচ্ছামূলক পরিশ্রম দ্বারা একটী খালের সংস্কার করিয়াছে, তাহাতে ১৫০০ পনর শত বিঘা জমিতে সেচের ও আবাদের বিশেষ সুবিধা হইয়াছে।

পর্য্যায়ক্রমে মহকুমার সকল থানায় পুলিশ সহযোগিতা সভার অনুষ্ঠান করা হইতেছে এবং কতিপয় গ্রামরক্ষী দল গঠন করা হইয়াছে। এখন জনসাধারণ ও পুলিশের মধ্যে বেশ প্রীতি দেখা যায় এবং অপরাধের সংখ্যা কমিয়াছে।

## প্রায় ছয় কোটী চটের থলিয়া

### বৃটিশ গভর্ণমেণ্টের নূতন অর্ডার

প্রকাশ ভারতীয় পাটকল সমিতি ভারত সরকারের মারফৎ বৃটিশ সরকারের নিকট হইতে ৫ কোটি ৮৩ লক্ষ ১৭ হাজার থলিয়া (স্যাণ্ড ব্যাগ) সরবরাহের অর্ডার পাইয়াছেন। আগামী ১৫ই অক্টোবর হইতে ১৫ই ডিসেম্বরের মধ্যে উক্ত অর্ডার অনুযায়ী মাল সরবরাহ করিতে হইবে।

স্মরণ থাকিতে পারে যে, ভারতীয় পাটকল সমিতির কর্ম্মকর্ত্তাগণ পাট-শিল্পের ভবিষ্যৎ উন্নতি সম্পর্কে সংবাদ পত্রে প্রকাশিত এক বিবৃতিতে সরবরাহ বিভাগের মন্ত্রীর মারফৎ সমিতির শীঘ্রই কয়েক লক্ষ গজ চটের অর্ডার পাইবার সম্ভাবনা আছে বলিয়া উল্লেখ করিয়াছিলেন।

---

## কুইনাইন ও কুইনাইনজাত দ্রব্যাদি

### বিশুদ্ধতা পরীক্ষার ব্যবস্থা

বাজারে প্রচলিত কুইনাইন ও বিভিন্ন প্রকারের কুইনাইন জাত ঔষধ ও অন্যান্য কয়েক প্রকারের দ্রব্য

অধিকাংশ সময়ে নিকৃষ্ট ও দ্রব্যগুণহীন বলিয়া গভর্ণমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। এই অবস্থা আদৌ বাঞ্ছনীয় নহে। এজন্য যাহাতে মাঝে মাঝে ঔষধাদি পরীক্ষা করিয়া উহার মান নিণীত হয়, সে জন্য সরকারী নিয়ন্ত্রণ প্রয়োজন হইয়াছে। হাসপাতাল ও অন্যান্য চিকিৎসা প্রতিষ্ঠানের পরিচালন ব্যবস্থার ভারপ্রাপ্ত ব্যক্তিগণকে ও জনসাধারণকে উপদেশ দেওয়া হইতেছে যে, কুইনাইন বা কুইনাইনজাত ঔষধ নিকৃষ্টতর বলিয়া তাহাদের সন্দেহ হইলে তাহারা যেন ঐ ঔষধ পরীক্ষার্থ বাইওকেমিক্যাল ষ্ট্যাণ্ডার্ডিজেশন ল্যাবরেটারী, অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অব হাইজিন এণ্ড পাব্লিক হেলথের নিকট সেণ্ট্রাল এভিনিউ, কলিকাতা, এই ঠিকানায় প্রেরণ করেন। বিশ্লেষণের জন্য উক্ত ল্যাবরেটরিতে ঔষধ পাঠাইলে নিম্নলিখিত বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া পাঠাইতে হইবে :—

(১) যে ঔষধ বিশ্লেষণের জন্য পাঠান হইবে, তাহার যথাযথ ওজন এবং উহা কোথায় প্রস্তুত হইয়াছে, তাহা স্পষ্টরূপে লিখিতে হইবে।

(২) ঔষধের শিশি বা বোতলটি কোন দায়িত্বপূর্ণ রাজকর্ম্মচারীর সম্মুখে শিলমোহর করিতে হইবে।

(৩) যে স্থান হইতে ঔষধ প্রেরণ করা হইবে, সে স্থানে ঐ ঔষধের নমুনা কতকটা রাখিয়া দিতে হইবে। কারণ প্রয়োজন হইলে ভবিষ্যতে উহা পুনঃ দেখা যাইতে পারিবে।

(৪) কোন ঔষধের প্রতি আউন্সে ১০ গ্রেণ দ্রব্যবস্তু থাকিলে ঐ ঔষধের ৪ আউন্সের কম প্রেরণ করিলে চলিবে না।

---

## হাসপাতালে লেডী হার্ব্বার্ট

গত ৭ই সেপ্‌টেম্বর সকালে মহামান্য গবরণর-পত্নী লেডী মেরী হার্ব্বার্ট যাদবপুর টি, বি, হাসপাতাল পরিদর্শন করেন। এই পরিদর্শনের স্মৃতিরক্ষার্থ শ্রীযুক্ত মদনমোহন মল্লিক এই হাসপাতালে "লেডী মেরী হার্ব্বার্ট ব্লক" নামে একটি ব্লক নির্ম্মাণ করিয়া দিতে চাহেন। লেডী মেরী হার্ব্বার্ট তাঁহার নামে নূতন ব্লক নির্ম্মাণে সম্মতি দিয়াছেন।

---

## পদার্থ বিদ্যায় নোবল প্রাইজ

সংবাদ পাওয়া গিয়াছে যে, ওসমানিয়া বিশ্ববিদ্যালয়ের গণিতের প্রফেসর মিঃ রাজীউদ্দিন পদার্থ বিদ্যায় নোবেল প্রাইজ পাইয়াছেন। এই তৃতীয়বার একজন ভারতবাসী নোবেল প্রাইজ লাভ করিলেন।

---

## নবদ্বীপে চাঞ্চল্যকর ঘটনা

নবদ্বীপ হইতে এক ব্যক্তি লিখিয়াছেন,—নবদ্বীপ বুড়া শিবতলা রোডে গত ৫ই সেপ্‌টেম্বর শ্রীযুক্ত রাসবিহারী গঙ্গোপাধ্যায় নামে ৩৫ বৎসর বয়স্ক এক যুবক দীক্ষা গ্রহণ করিয়া গুরুদক্ষিণা দানকালে স্বহস্তে নিজের একটী চক্ষু উৎপাটিত করিয়া গুরুদেবের পাদপদ্মে প্রদান করিয়াছেন। যাঁহারা ঐ সময়ে গুরুদেবের সম্মুখে উপস্থিত ছিলেন, তাঁহারা এই দৃশ্য দর্শনে বিস্মিত ও ভীত হন। গুরুজী ব্রহ্মরক্ত দর্শনের জন্য প্রায়শ্চিত্তস্বরূপ তিনদিন উপবাস পালন করিয়াছেন। ডাক্তার আসিয়া রাসবিহারী বাবুর চক্ষুর ক্ষতস্থান বাঁধিয়া দিয়া গিয়াছেন। আশ্চর্য্যের বিষয়, তিনি কোন জ্বালা যন্ত্রণা বোধ করিতেছেন না এবং অপর চক্ষুর দৃষ্টিশক্তিরও কিছুমাত্র হানি হয় নাই। চক্ষুটি উপস্থিত নবদ্বীপ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ডাঃ রামপদ চট্টোপাধ্যায়ের নিকট রাখিয়া দেওয়া হইয়াছে। এই ঘটনায় সমগ্র নগরে ভীষণ চাঞ্চল্যের সঞ্চার হইয়াছে।

---

## আরামবাগ মহকুমায় বন্যার প্রকোপ

হুগলী জেলার অন্তর্গত আরামবাগ মহকুমার বিভিন্ন স্থান হইতে বন্যার ভয়াবহ সংবাদ পাওয়া গিয়াছে। বড়ডোঙ্গল হইতে শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র সেন মহাশয় সংবাদপত্রে জানাইয়াছেন যে, দ্বারকেশ্বর নদীতে বন্যার ফলে আরামবাগ থানার সালেপুর, কিশোরপুর, গৌরহাটী প্রভৃতি ইউনিয়নের অন্তর্গত বহু গ্রামের শত শত ঘরবাড়ী একেবারে বিধ্বস্ত হইয়া গিয়াছে। উক্ত থানার মলয়পুর ও পার্শ্ববর্ত্তী ইউনিয়নের বহু গ্রাম বন্যার জলে ডুবিয়া যাওয়ায় বহু ঘর ধ্বংস হইয়াছে। নতিবপুর ইউনিয়ন হইতে খানাকুল থানার বিভিন্ন অঞ্চলে ভীষণ বন্যা হওয়ার সংবাদ পাওয়া গিয়াছে। গত বৎসর বন্যার ফলে আরামবাগ মহকুমার অধিবাসীদের চরম দুর্দ্দশা হইয়াছিল। এ বৎসর বন্যার ফলে সহস্র সহস্র নরনারী ও শিশু অন্ন বস্ত্রের অভাবে চরম দুঃখ কষ্ট ও অসহায় অবস্থায় পতিত হইয়াছে। ইহাদের দুর্দ্দশা মোচনের জন্য অবিলম্বে সাহায্যের প্রয়োজন।

---

## চুঁচুড়ায় দারোগার বাড়ীতে চুরি

সুবোধ রায় নামক এক পুলিশ সাব-ইন্সপেক্টারের বাটীতে প্রকাশ্য দিবালোকে এক দুঃসাহসিক চুরি হইয়া গিয়াছে। সুবোধবাবু কর্য্যোপলক্ষে বাহিরে ছিলেন। বেলা প্রায় ২॥ ঘটিকার সময়ে ৩ ব্যক্তি মুখে রং মাখিয়া দেওয়াল টপকাইয়া তাঁহার বাটীর মধ্যে প্রবেশ করে। বাটীর মধ্যে একজন মহিলাকে দেখিয়া দুর্ব্বৃত্তগণ তাঁহার সম্মুখে ছোরা ঘুরাইতে আরম্ভ করে এবং তাঁহার শরীর হইতে একটী সোনার হার ছিনাইয়া লয়। তাহার পর তাহারা অবিলম্বে পলায়ন করে। একজনকে গ্রেপ্তার করা হইয়াছে। আরও তদন্ত চলিতেছে।

---

## গ্রন্থ

ধন্য ধন্য গ্রন্থ, তব প্রতিপত্র জ্ঞানময়।
পঞ্চাশদক্ষরমালা
রচে তব জ্ঞানশালা ;
অচেতন তুমি কর চেতনে চৈতন্যময়॥

জাগিয়া তোমার বরে
রসজ্ঞ হইয়া নরে
মহাসুখে আস্বাদয় প্রাচীন সন্দেশ রাশি।
অমর মহর্ষিগণ
প্রেমে করি সম্ভাষণ
শোকে সুখে সমভাব প্রকাশয় দিবানিশি॥

বিস্মৃতি-সাগরে সবে
কাল স্রোতে নিত্য ডোবে ;
ধনদর্প কোথা যায় কেহ না জানিতে পারে।
হে গ্রন্থ ! যে তব কোলে
স্থান লভে পুণ্যবলে ;
কঠোর করাল কাল নাশিতে অক্ষম তারে॥

কিবা আমি গুণধর
যাচিব তোমার বর
অধমে করুণা করি কহ কহ জ্ঞানাধার।
জল ত্যজি' যথা হংস
পান করে ক্ষীর অংশ
তেমতি সজ্জন ভবে ধরে সদা গুণসার॥

তাই যদি হয় দয়া
দিয়া মোরে পদচ্ছায়া
তব পূত অঙ্কে কর অঙ্কিত আমার নাম।
যমের বিনাশ খেলা
লীলায় করিয়া হেলা
অমর সমাজ সুখে সেবি যেন অবিরাম॥

শ্রীত্র্যম্বকপদ চট্টোপাধ্যায়, কাব্য-স্মৃতিতীর্থ
সাং বেলুন ( বীরভূম )

---


## নূতন ঠিকানা

মনিগ্রামের প্রসিদ্ধ চিকিৎসক
পক্ষাঘাত, বাত, উন্মাদ, কাস, শ্বাস, চক্ষুরোগ, কর্ণরোগ, ব্লডপ্রেসার, বেরিবেরি—প্রভৃতি পীড়ার চিকিৎসায় পারদর্শী

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী বিশ্বাস কবিরত্ন,
এম-বি-সি-এ, ( গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড )
মনিগ্রাম বাসন্তীতলা
পোঃ মনিগ্রাম ( মুর্শিদাবাদ )

## শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় ( প্রাইমারী স্কুলের জন্য )

| | |
|---|---|
| হাজিরা বহি ( ২০ পাতার ) | ৵০ |
| " ৪০ " | ৷০ |
| ভর্ত্তি বহি ... ... | ৷৵০ |
| ট্রান্সফার সার্টিফিকেট ( ২০ পাতার ) | ৷/০ |
| রসিদ বহি ( ১০০ পাতার ) | ৷১০ |

For M. E. & H. E. SCHOOLS.

| | |
|---|---|
| Students' Attendance Register with Fee realisation (25 pages) | -/11/- |
| Teachers' Attedance (25 pages) | -/11/- |
| First Admission Form (100 sheets) | 1/4/- |
| Transfer Certificate (100 sheets) (Triplicate.) | 2/12/- |
| Receipt Book (for fee collection) (100 pages in each Book) | -/4/- |
| Letter Heading ½ Foolscap size 100 ... ... | -/12/- |
| Do. ¼ Foolscap 100 | -/9/- |

### পিওন-বুক

ইউনিয়ন বোর্ড, ঋণ-সালিশী বোর্ড ও অন্যান্য অফিসের জন্য পিওন-বুক রাখা হইয়াছে। সুদৃশ্য চামড়ার দ্বারা বাঁধা। মূল্য বড় ৶০ আনা, ছোট ৷০ আনা।

ফরম সাপ্লাইং এজেন্সী
পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা দুই আনা।

ব্রজশশী

# আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।

( স্থাপিত সন ১৩৩২ সাল )

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর ( বাবুবাজার।

আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।

# পণ্ডিত প্রেস

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত

পরীক্ষা প্রার্থনীয়।

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয় মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৶০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন :—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার ( জীবনীশক্তি ) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৶০

প্রাপ্তিস্থান ডাঃ বি রায় এণ্ড কোং কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা




# সাধনা ঔষধালয়—ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি — পৃথিবীর সর্ব্বত্র



অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক ( প্রফেসার )

মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে-ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত